"ছেলে হোক,মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নওগাঁ।
www.fpo.naogaon.gov.bd

তারিখঃ ১৪আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ
২৯সেপ্টেম্বর,২০২৫ খ্রিষ্টাব্দ

নং-৫৯.১১.৬৪০০.০০১.১৮.০০১.২৫. ৮৬৫

## অফিস আদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, নওগাঁ জেলায় কোন কোন উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ও পরিবার কল্যাণ পরিদর্শিকা তাদের নির্ধারিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের বসবাসযোগ্য বাসায় অবস্থান/বসবাস করেন না এবং পরিবার পরিকল্পনা পরিদর্শক ও পরিবার কল্যাণ সহকারীগণ সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ড/ইউনিটে অবস্থান/বসবাস করেন না।

নিয়োগ বিধি ও কর্মপরিধি অনুযায়ী নিজ কর্মস্থলে বসবাসের বিধান থাকলেও সংশ্লিষ্ট কর্মচারীগণ নিয়োগ বিধি লঙ্ঘন করে কর্মস্থলের বাহিরে অবস্থান করছেন যা নিয়োগ বিধির পরিপন্থী এবং সরকারী কর্মচারীর (শৃংখলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর বিধি-২(খ) মোতাবেক অসদাচরণের সামিল।

এমতাবস্থায় যে সকল উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ও পরিবার কল্যাণ পরিদর্শিকা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নির্ধারিত বসবাসযোগ্য বাসায় অবস্থান/বসবাস করেন না এবং পরিবার পরিকল্পনা পরিদর্শক ও পরিবার কল্যাণ সহকারী নিয়োগ বিধি-১৯৭৬ এর S.R.O.FP/S-৩/৪৫/৭৬/৪১৪ Date-৪/০৯/১৯৭৬ অনুযায়ী নিজ কর্মস্থলে (চাকুরীর স্থায়ী ঠিকানায়) বসবাসের বিধান থাকলেও যারা নির্ধারিত ইউনিয়ন/ওয়ার্ড/ইউনিটে অবস্থান/বসবাস না করে অন্য জেলা/উপজেলায় বসবাস/অবস্থান করছেন তাদের-কে আগামী ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট বাসায়/স্ব-স্ব ইউনিয়ন/ওয়ার্ড/ইউনিটে অবস্থান করে সেবা দানের জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় আদেশ অমান্য কারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

ইহা সর্বশেষ সতর্কীকরণ হিসেবে বিবেচিত হবে।

২৯/০৯/২০২৫

(গোলাম মোঃ আজম)
আইডি নং-৪৪০০২৩
উপপরিচালক
পরিবার পরিকল্পনা, নওগাঁ।

---

"ছেলে হোক মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়,
মহাদেবপুর, নওগাঁ
www.fpo.mohadevpur.naogaon.gov.bd

স্মারক নং-৫৯.১১.৬৪৫০.০০৩.১৮.০০১.২৫- ৪৬৭

তারিখঃ ১৪আশ্বিন ১৪৩২ বঃ
২৯সেপ্টেম্বর ২০২৫খ্রিঃ

পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হলো।

২৯/৯/২৫
ডাঃ মোঃ কামরুজ্জামান
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)
মহাদেবপুর, নওগাঁ।

২৯.৯.২৫
মোঃ জাহিদ হাসান
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
মহাদেবপুর, নওগাঁ।

উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ---------------------- ( সকল ) FWC ।
পরিবার কল্যান পরিদর্শিকা ---------------------- ( সকল ) FWC ।
পরিবার পরিকল্পনা পরিদর্শক (FPI),------------------------ ( সকল ) ইউনিয়ন।
পরিবার কল্যান সহকারী ----------------------- ( সকল ) ইউনিয়ন।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠ্যতা ভিত্তিতে নয়)ঃ

১। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, নওগাঁ।
২। সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা)/সিসি, জেলা পরিবার পরিকল্পনা, নওগাঁ।
৩। অফিস কপি।

২৯.০৯.২৫
মোঃ জাহিদ হাসান
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
মহাদেবপুর, নওগাঁ।

CamScanner